

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, নভেম্বর ২০, ২০১৮

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ

প্রজ্ঞাপন

ঢাকা, ০৬ অগ্রহায়ণ ১৪২৫ বঙ্গাব্দ/২০ নভেম্বর ২০১৮ খ্রিস্টাব্দ

নম্বর: ০৪.০০.০০০০.৪২১.৬২.০২২.১৮.৩৭৩—বাংলাদেশ সংবাদ সংস্থার ব্যবস্থাপনা সম্পাদক ও সাংবাদিক জনাব শাহরিয়ার শহীদ গত ১৭ নভেম্বর ২০১৮ তারিখে মৃত্যুবরণ করেন (ইন্মালিন্সহে ... রাজিউন)। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৫৬ বছর।

২। জনাব শাহরিয়ার শহীদের মৃত্যুতে গভীর শোক ও দুঃখ প্রকাশ, তাঁর বিদেহী আত্মার মাগফেরাত কামনা এবং তাঁর শোকসন্তপ্ত পরিবারের সদস্যদের প্রতি গভীর সমবেদনা জ্ঞাপন করে মন্ত্রিসভার ০৫ অগ্রহায়ণ ১৪২৫/১৯ নভেম্বর ২০১৮ তারিখের বৈঠকে একটি প্রস্তাব গ্রহণ করা হয়।

৩। মন্ত্রিসভার বৈঠকে গৃহীত উক্ত শোকপ্রস্তাব সকলের অবগতির জন্য প্রকাশ করা হল।

রাষ্ট্রপতির আদেশক্রমে,
মোহাম্মদ শফিউল আলম
মন্ত্রিপরিষদ সচিব

(১৫৩০৯)
মূল্য : টাকা ৪.০০

মন্ত্রিসভার শোকপ্রস্তাব

০৫ অগ্রহায়ণ ১৪২৫
ঢাকা : ১৯ নভেম্বর ২০১৮

বাংলাদেশ সংবাদ সংস্থার ব্যবস্থাপনা সম্পাদক ও সাংবাদিক জনাব শাহরিয়ার শহীদ গত ১৭ নভেম্বর ২০১৮ তারিখে মৃত্যুবরণ করেন (ইন্সাল্লাহে ... রাজিউন)। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৫৬ বছর।

জনাব শাহরিয়ার শহীদ ১৯৬২ সালে নরসিংদী জেলায় জন্মগ্রহণ করেন। তিনি আন্তর্জাতিক বার্তা সংস্থা রয়টার্সে যোগদানের মাধ্যমে তাঁর কর্মজীবন শুরু করেন। জনাব শাহরিয়ার শহীদ সুদীর্ঘ ত্রিশ বছর বাংলাদেশ সংবাদ সংস্থা (বাসস)-এর সঙ্গে যুক্ত ছিলেন। সর্বশেষ তিনি উক্ত প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা সম্পাদক হিসাবে তাঁর ওপর অর্পিত দায়িত্ব অত্যন্ত দক্ষতা ও নিষ্ঠার সঙ্গে পালন করেন। মৃত্যুর পূর্ব পর্যন্ত তিনি উক্ত পদে কর্মরত ছিলেন।

বাংলাদেশের মহান মুক্তিযুদ্ধের প্রতি ছিল তাঁর গভীর অনুরাগ। তিনি মুক্তিযুদ্ধভিত্তিক বেশ কয়েকটি প্রামাণ্য চিত্র নির্মাণ করেছেন। জনাব শাহরিয়ার শহীদ অঞ্চলভিত্তিক মুক্তিযুদ্ধের ইতিহাস এবং খেতাবপ্রাপ্ত মুক্তিযোদ্ধাদের সাক্ষাৎকার-ভিত্তিক ৩০টিরও বেশি গ্রন্থ রচনা করেছেন।

জনাব শাহরিয়ার শহীদের মৃত্যুতে দেশ একজন পথিকৃৎ সাংবাদিককে হারাল। তাঁর মৃত্যুতে বাংলাদেশের সংবাদমাধ্যমে এক গভীর শূন্যতার সৃষ্টি হল।

মন্ত্রিসভা জনাব শাহরিয়ার শহীদের মৃত্যুতে গভীর শোক ও দুঃখ প্রকাশ করে তাঁর বিদেহী আত্মার মাগফেরাত কামনা এবং তাঁর শোকসন্তপ্ত পরিবারের সদস্যদের প্রতি গভীর সমবেদনা জ্ঞাপন করছে।